

## একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ।  
(ত্রাণ শাখা)

তারিখঃ ০৩/১০/২০১৯খ্রি।

স্মারক নং- ৫১.০১.৬৪০০.১২৬.১৮.০০৯.১৯-৯১৪

## অফিস আদেশ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ০৭/০৫/২০১৯ খ্রি তারিখের ৫১.০০.০০০০.৮১০.১৮.০৩৫.১২-১৩০ নং প্রজ্ঞাপন নওগাঁ জেলার আগ্রাই উপজেলার উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জনাব নভেন্দু নারায়ণ চৌধুরী-কে ভারতের বিভিন্ন ধর্মীয় স্থানসমূহ পরিদর্শনের নিমিত্ত নিজ খরচে ভারতে ভ্রমনের অনুমতিসহ নির্ধারিত ছুটি বিধিমালা ১৯৫৯ এর ৩(১) (ii) মোতাবেক গড় বেতনে বাহির বাংলাদেশ ছুটি মঙ্গুর করা হয়েছে। তদপ্রেক্ষিতে তাঁর ৩০/০৯/২০১৯ খ্রি তারিখের ৫১.০১.৬৪০৩.০১৪.০১.০০১.১৯-৩৮১ নং স্মারকের আবেদন অনুযায়ী আগামী ১২/১১/২০১৯ খ্রি তারিখ হতে ২৬/১১/২০১৯ খ্রি তারিখ পর্যন্ত মোট ১৫ (পনের) দিন নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ছুটি ভোগের অনুমতিসহ বাংলাদেশ ত্যাগের অনুমতি প্রদান করা হলো।

- (ক) তিনি মঙ্গুরীকৃত ছুটির অতিরিক্ত সময় ভারতে অবস্থান করতে পারবেন না;
- (খ) উক্ত ভ্রমণ সংক্রান্ত যাবতীয় ব্যয়ভার তিনি নিজে বহন করবেন। এ ব্যাপারে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না।
- (গ) ছুটিকালীন তিনি দেশীয় মুদ্রায় বেতন-ভাতাদি গ্রহণ করবেন।

০১। জনাব নভেন্দু নারায়ণ চৌধুরী, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আগ্রাই, নওগাঁর ছুটি ভোগকালীন সময়ে জনাব মোঃ মেহেদী হাসান, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাণীনগর, নওগাঁ তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে আগ্রাই উপজেলার উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

০৩। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

(এ. কে. এম. মানান)  
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা  
নওগাঁ।

তারিখঃ ০৩/১০/২০১৯খ্রি।

স্মারক নং- ৫১.০১.৬৪০০.১২৬.১৮.০০৯.১৯-৯১৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা
- ০৩। পরিচালক (প্রামাণ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা
- ০৪। জেলা প্রশাসক, নওগাঁ।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, আগ্রাই/রাণীনগর, নওগাঁ।
- ০৬। ইমিগ্রেশন অফিসার, হিলি, দিনাজপুর/বেনাপোল, ঘশোর//দর্শনা, চুয়াডাঙ্গা/সোনা মসজিদ, চাঁপাইনবাবগঞ্জ, বাংলাদেশ
- ০৭। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, আগ্রাই/রাণীনগর, নওগাঁ।
- ০৮। জনাব নভেন্দু নারায়ণ চৌধুরী, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আগ্রাই, নওগাঁ।
- ০৯। জনাব মোঃ মেহেদী হাসান, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাণীনগর, নওগাঁ।

(এ. কে. এম. মানান)  
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা  
নওগাঁ।